তারিখ 06 NOV 2016
পৃষ্ঠা ৫ কলাম ৩

সমকাল

এসএসসির ফরম পূরণ

# সিদ্ধিরগঞ্জে অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ

■ সিদ্ধিরগঞ্জ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি

সিদ্ধিরগঞ্জের সানারপাড় শেখ মোরতোজা আলী উচ্চ বিদ্যালয়ে ২০১৭ সালের এসএসসি পরীক্ষার ফরম পূরণে পরীক্ষার্থীদের কাছ থেকে নির্ধারিত ফি ছাড়াও অতিরিক্ত দুই হাজার টাকা আদায়ের অভিযোগ উঠেছে। এ ঘটনায় ছাত্রছাত্রী ও অভিভাবকরা ক্ষোভ প্রকাশ করেছেন। রোববার ফরম পূরণে শেষ দিনে অনেক পরীক্ষার্থী অতিরিক্ত দুই হাজার টাকা পরিশোধ করে ফরম পূরণ করতে দ্বিধাদ্বন্দ্বে পড়ে। এ বিদ্যালয় থেকে ৩৪২ ছাত্রছাত্রী আগামী বছরের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ফরম পূরণে নির্ধারিত ফি ২ হাজার ৬শ' টাকা হলেও ছাত্রছাত্রীদের কাছ থেকে ৪ হাজার ৬শ' টাকা নেওয়া হচ্ছে। তবে তাদের ২ হাজার ৬শ' টাকার রশিদ দেওয়া হচ্ছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক জহিরুল হক উপস্থিত না থাকায় সহকারী প্রধান শিক্ষিকা দিলরুবা আক্তার বলেন, তিন মাসের কোচিং ও ৩টি টেস্ট পরীক্ষা বাবদ কিছু অতিরিক্ত টাকা আদায় করা হচ্ছে।

এ বিষয়ে ম্যানেজিং কমিটির সভাপতি তোফায়েল হোসেনের মোবাইল ফোন বন্ধ থাকায় তার সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি।

জেলা শিক্ষা কর্মকর্তা বেনজির আহমেদ বলেন, নির্ধারিত ফি ছাড়া অতিরিক্ত অর্থ আদায় করলে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।